



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
(Website: www.bteb.gov.bd)



স্মারক: ৫৭.১৭.০০০০.১০৫.৪১.০০৩.১৩.৩৭১

তারিখ: ১২ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি.

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক পরিচালিত জাতীয় দক্ষতামান বেসিক সার্টিফিকেট কোর্স (৩৬০ ঘন্টা) শিক্ষাক্রমের জানুয়ারি-মার্চ (৩ মাস মেয়াদি) ও জানুয়ারি-জুন (৬ মাস মেয়াদি) ২০২৩ সেশনে ভর্তিকৃত শিক্ষার্থীদের Online এ রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানদের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জানুয়ারি-মার্চ, ২০২৩ (৩ মাস মেয়াদি), জানুয়ারি-জুন, ২০২৩ (৬ মাস মেয়াদি)

- (১) (ক) Online এ ডাটা এন্ট্রির সময়সূচি: ২৩-০২-২০২৩ থেকে ১২-০৩-২০২৩ খ্রি. পর্যন্ত।
(খ) রেজিস্ট্রেশন ফি এর টাকা ১৫-০৩-২০২৩ থেকে ২২-০৩-২০২৩ এর মধ্যে সোনালী পেমেণ্ট গেটওয়ের মাধ্যমে রেজিস্ট্রেশন করার পর পরিশোধ করতে হবে। রেজিস্ট্রেশন ফি ৫০.০০ টাকা, পরীক্ষার ফি ৩০০.০০ টাকা, সনদপত্র ফি ১০০.০০ টাকাসহ সর্বমোট ৪৫০.০০ টাকা প্রতি শিক্ষার্থী।
(গ) হার্ড কপি প্রিন্ট করার তারিখ: ২৪-০৩-২০২৩ থেকে ৩০-০৩-২০২৩ খ্রি. পর্যন্ত। রেজিস্ট্রেশন ফি পরিশোধের পর হার্ড কপি প্রিন্ট করা যাবে।
 - (২) রেজিস্ট্রেশন করার লিংক:
bteb.gov.bd ওয়েব সাইটের “রেজিস্ট্রেশন” ব্লকের “স্বল্প মেয়াদী ও অন্যান্য” লিংকের পর “**Basic Trade & Advance Certificate/Certificate Course Online Registrstion**” লিংকের মাধ্যমে প্রতিষ্ঠান লগ ইন করে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
 - (৩) রেজিস্ট্রেশন এন্ট্রির ধাপসমূহ:
ক) প্রতিষ্ঠান কর্তৃক অনলাইন ইন্টারফেসে লগইন এর মাধ্যমে প্রবেশ
খ) নতুন ছাত্র/ছাত্রীর তথ্য এন্ট্রি পূর্বক সাবমিটকরণ।
গ) এন্ট্রিকৃত ছাত্র/ছাত্রীদের রেজিস্ট্রেশন ফি প্রদানের জন্য Selected for payment লিস্টে তথ্য সংরক্ষণকরণ (১৫-০৩-২০২৩ থেকে ২২-০৩-২০২৩ খ্রি. পর্যন্ত)
ঘ) Payment due summary list এর মাধ্যমে রেজিস্ট্রেশন ফি প্রদান (১৫-০৩-২০২৩ থেকে ২২-০৩-২০২৩ খ্রি. পর্যন্ত)
ঙ) Payment successfully সম্পন্ন হলে ছাত্র/ছাত্রীদের তথ্য Payment status list এ প্রদর্শিত হবে।
চ) Final list এ ফি প্রদানকৃত ছাত্র/ছাত্রীদের তালিকা প্রদর্শিত হবে। এই তালিকা প্রিন্ট করে এক কপি প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে এবং এক কপি রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের সময় বোর্ডে জমা দিতে হবে।
 - (৪) ভর্তির ন্যূনতম যোগ্যতা: কোন অনুমোদিত বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে কমপক্ষে অষ্টম শ্রেণী/জেএসসি/জেডিসি পরিক্ষায় উত্তীর্ণ হতে হবে।
 - (৫) প্রতি ট্রেডে আসন সংখ্যা হবে ৫০ (পঞ্চাশ) জন। এর মধ্যে মূল আসন ৪০ (চল্লিশ) জন এবং ড্রপআউট ১০ (দশ) জন। প্রতি ট্রেডে শিক্ষার্থীর সংখ্যা ০৫ (পাঁচ) জনের কম হলে উক্ত তথ্য স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।
- যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

(মোহাম্মদ আবদুল্লাহ আল মাহমুদ জামান)

সচিব

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

তারিখ: ১২-০২-২০২৩ খ্রি.

স্মারক: ৫৭.১৭.০০০০.১০৫.৩৯.০০৩.১৩.৩৭১ (০৯)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

- ১-৫. পরিচালক (কারিকুলাম)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
৭. শার্ট কোর্স, পরীক্ষা শাখা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. সংশ্লিষ্ট নথি।

(মোঃ আবুল হোসেন)

উপ সচিব (প্রশাসন)

ও

উপ সচিব (রেজিস্ট্রেশন)(অ.দা)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা